# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : | 1 | 1 | 1 |

### সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট মান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ রামীম ও রাকিন দুই সহপাঠী। একদিন ইসলামি বিভিন্ন বিষয়ে আলোচনার সময় রামীম বলল, "দুনিয়ায় আর কোন নবি-রাসুল আসবে না এবং তার প্রয়োজনও নেই।" কিন্তু রাকিন মন্তব্য করল,"পৃথিবীতে আরও নবি-রাসুল আসতে পারে কারণ অত্যাচার, অবিচার, অজ্ঞতা এবং বর্বরতা পৃথিবীতে বিদ্যমান। এসব দূর করতেই তো নবি-রাসুলের আগমন প্রয়োজন।" এ আলোচনা শুনে রাকিনের বড় ভাই নিম্নোক্ত বাক্যটি বলে আলোচনার ইতি টানলেন, "মুহাম্মদ (সা.) শেষ নবি ও রাসুল। কুরআন-হাদিস মোতাবেক তাঁর পরে আর কোনো নবি আসার সামান্যতম সম্ভাবনা নেই।"

ক. রিসালাত কাকে বলে? ১

খ. নবি-রাসুলদের প্রধান দায়িত্বগুলো কী? ২

গ. রাকিনের বিশ্বাস ইসলামের কোন আকীদার সাথে সাংঘর্ষিক? ব্যাখ্যা কর। ৩

ঘ. রাকিনের বড় ভাইয়ের মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

২ ▶ একজন ইসলামী পন্ডিত ব্যক্তি একটি ধর্মীয় জনসমাবেশে এমন একজন মানুষের আদর্শ ও ব্যক্তিত্ব নিয়ে আলোচনা করলেন যিনি ন্যায়বিচার, সাধুতা, সবার জন্য সমান সুযোগ ও অধিকার, জবাবদিহিতা, স্বচ্ছতা এবং আইনের নিজস্ব গতি ইত্যাদি প্রতিষ্ঠা করেছিলেন। এ মহান ব্যক্তিত্ব হাদিস সংকলনের ব্যাপারে অনেক বড় উদ্যোগ গ্রহণ করেছিলেন। এ কারণে তিনি যুগ যুগ ধরে স্মরণীয় হয়ে থাকবেন।

ক. ইসলামের পঞ্চ খলিফা কাকে বলা হয়? ১

খ. ইসলামে খিলাফতের ধারণাটি বিবৃত কর। ২

গ. উল্লিখিত উদ্দীপকে কোন খলিফার কাজকর্ম ও আদর্শের কথা বিবৃত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. একটি গণতান্ত্রিক সমাজে একজন মুসলিম শাসকের নীতিসমূহ কী হওয়া উচিত? উদ্দীপকে উল্লিখিত মানুষটির জীবনের আলোকে তা ব্যাখ্যা কর। ৪

৩ ▶ নবি-করীম (সা.)-এর একজন সাহাবী ছিলেন যিনি হাদিস বর্ণনার দিক থেকে দ্বিতীয় স্থানে ছিলেন। আল্লাহ কুরআনে তার পরিশুদ্ধতা সম্পর্কে আয়াত নাযিল করেছেন। তিনি মুসলিম নারীদের রোল মডেল হতে পারেন। পশ্চিমা ঐতিহাসিকরা তাকে মদিনার রত্ন বলে আখ্যায়িত করেছেন। অন্যদিকে, নবি-করীম (সা.) নিজে তাকে নারীদের মহান পৃষ্ঠপোষক বলে ঘোষণা করেছেন।

http://teachingbd.com

ক. ওলী কে? ১

খ. "রাবেয়া বসরী (রহ.) একজন আধ্যাত্মিক ব্যক্তি ছিলেন" বুঝিয়ে লেখ। ২

গ. আল্লাহ কার পবিত্রতা ও পরিশুদ্ধতার কথা পবিত্র কুরআনে ঘোষণা করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত নারীদের পৃষ্ঠপোষকের অবদানকে মূল্যায়ন কর। ৪

৪ ▶ টকশোতে অংশ নেওয়া একজন জ্ঞানী ব্যক্তি বললেন, "ধৈর্য ও পরমতসহিষ্ণুতা পরস্পর গভীরভাবে সম্পর্কযুক্ত। ধৈর্য ছাড়া একজন ব্যক্তি সফল ও সম্মানিত হতে পারে না। তাই ধৈর্যকে মানবজীবনের সফলতার চাবিকাঠি বলা হয়।" অন্যদিকে, তার প্রতিপক্ষ বললেন, "পরমতসহিষ্ণুতা ছাড়া একটি জাতি বা দেশ উন্নয়ন ও স্থিতিশীলতার দিকে যেতে পারে না। সুতরাং পরমতসহিষ্ণুতাকে সামাজিক শান্তি এবং দেশের স্থিতিশীলতার গ্যারান্টি বলা যেতে পারে।"

ক. পরমতসহিষ্ণুতা বলতে কী বোঝ? ১

খ. ধৈর্যের দিকগুলো উল্লেখ কর। ২

গ. তুমি কি টকশোতে অংশ নেওয়া প্রথম জনের মন্তব্যের সাথে একমত? তোমার প্রদত্ত মতের পক্ষে যুক্তি দাও। ৩

ঘ. বাংলাদেশের প্রেক্ষাপটে দ্বিতীয় জনের মন্তব্যকে ব্যাখ্যা কর। ৪

৫ ▶ জনাব মিসবাহ সমাজসেবার জন্য একটি সংগঠন প্রতিষ্ঠা করেন। কিন্তু তিনি সেখানকার সব গুরুত্বপূর্ণ পদে তার পারিবারিক সদস্যদের নিয়োগ করেন এবং সংগঠনকে একটি পারিবারিক ক্লাবে পরিণত করেন। অন্যদিকে আনজেম চৌধুরী সম্প্রতি সিভিল সার্ভিসে ঢুকেছেন দেশ সেবার প্রত্যয় নিয়ে। কিন্তু এখন তিনি তার সেই প্রত্যয় রক্ষা করতে পারছেন না। বরং তিনি তার দেশপ্রেমিক মনোভাব থেকে পিছু হটেছেন।"

ক. ভ্রাতৃত্ব কী? ১

খ. ভ্রাতৃত্বের প্রকারভেদগুলো লেখ। ২

গ. মিসবাহ সাহেবের কর্মকাণ্ড মূল্যায়ন কর এবং তাকে পরামর্শ দাও কীভাবে তিনি সমাজে বাস করতে পারেন? ৩

ঘ. আনজেম চৌধুরী অবস্থা বিশ্লেষণপূর্বক তাকে পরামর্শ দাও যে কীভাবে তিনি সর্বোত্তম ভাবে দেশসেবা করতে পারেন? ৪

৬ ▶ তানসেন স্রষ্টার অস্তিত্বে অবিশ্বাসী একজন ব্যক্তি। তিনি বলেন, "আমি স্রস্টার অস্তিত্বে বিশ্বাস করি না। পৃথিবী স্বয়ংক্রিয়ভাবে তৈরি হয়েছে এবং এমনিতেই চলছে। ধর্ম কুসংস্কার ছাড়া আর কিছু না।" অন্যদিকে মোহাম্মদ দীদাত স্রষ্টার অস্তিত্বে গভীরভাবে বিশ্বাসী, তিনি ঘোষণা করেন যে, স্রষ্টা ব্যতীত সৃষ্টির অস্তিত্ব হতে পারে না। ধর্ম মানবতা ছাড়া আর কিছু না। এটা সর্বদাই মানুষকে ভালো ও কল্যাণের দিকে অনুপ্রাণিত করে।" এটা অত্যন্ত দুঃখের বিষয় যে, কিছু মানুষ উল্লিখিত দুই গ্রুপের মাঝে অবস্থান করে। তারা সবসময় সন্দিগ্ধ থাকে তাদের বিশ্বাস সম্পর্কে। এবং তারাই মূলত ইসলামের ঘৃণ্য শত্রু।

Teachingbd.com

ক. কে প্রকৃত ইমানদার? ১
খ. ইমান ও নিফাকের মধ্যে পার্থক্য নিরূপণ কর। ২
গ. জনাব দিদাত একজন মহান বিশ্বাসী ব্যক্তি হিসেবে জনাব তানসেনের জন্য কী কী করতে পারেন? ৩
ঘ. দুই গ্রুপের মাঝে থাকা তৃতীয় দলের লোকদের কর্মকাণ্ড এবং পরিণতি বিশ্লেষণ কর। ৪

৭ ▶ ডিসিসি আই (ঢাকার শিল্প-বণিক সমিতি) এর সভাপতি খালিদ হোসাইন দৈনিক ফিনানসিয়াল এক্সপ্রেস পত্রিকায় একটি প্রবন্ধে লিখেছেন, "যদি দেশের ধনী মুসলিম নাগরিকরা সঠিকভাবে, পরিকল্পনা করে যথাযথ ব্যবস্থাপনায় যাকাত আদায় করেন তবে অতি অল্প সময়ের মধ্যেই দেশ থেকে চরম দারিদ্র্য নির্বাসিত হয়ে যাবে। এটা পড়ে মোহাম্মদ নাজিফ নামে একজন রাজনৈতিক অর্থনীতিবিদ তার সামাজিক যোগাযোগ মাধ্যমে মন্তব্য করলেন, "যাকাত শুধু চরম দারিদ্র্যের অবসানই ঘটায় না বরং সামাজিক সম্প্রীতি সহযোগিতার সুযোগও সৃষ্টি করে।"
ক. উশর কী? ১
খ. ধনসম্পদের ব্যাপারে ইসলামের নীতি বর্ণনা কর। ২
গ. তুমি কি ডিসিসি আই সভাপতির বক্তব্যের সাথে একমত? তোমার প্রদত্ত মতামতকে যুক্তিগ্রাহ্য কর। ৩
ঘ. মোহাম্মদ নাজিফের মন্তব্য তোমার পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৮ ▶ সোহান বাল্যকালে কুরআন তিলাওয়াত শিখেছিল। কিন্তু অনুশীলনের অভাবে সে সব ভুলে গেছে। একদিন সে ইউটিউবে দুনিয়ার সেরা তিলাওয়াত শুনে অশ্রুপাত করল এবং বলল, 'হায় আমি কত দুর্ভাগা!' তারপর সে একজন ইমামের কাছে গিয়ে ঘটনা বলল। ইমম তাকে বললেন, তোমাকে একেবারে প্রথম থেকে শুরু করতে হবে। আর তুমি জেনে রাখ, 'কুরআন হচ্ছে জ্ঞান ও প্রজ্ঞার অগাধ ভাণ্ডার'।
ক. তাজবীদ কী? ১
খ. কেন তাজবীদ অনুযায়ী কুরআন তিলাওয়াত করতে হবে? ২
গ. সঠিকভাবে তিলাওয়াত শেখার জন্য সোহান এখন কী কী করতে পারে? ৩
ঘ. 'কুরআন হচ্ছে জ্ঞান ও প্রজ্ঞার অগাধ ভাণ্ডার'-- বিশ্লেষণ কর। ৪

৯ ▶ কুরআন ইসলামের প্রথম উৎস এবং দ্বিতীয় স্থানে রয়েছে হাদিস। ইসলামী জীবনযাপনের জন্য কেউ কুরআন-হাদিসের গুরুত্ব ও তাৎপর্য অস্বীকার করতে পারে না। এটা বলা হয় যে, "হাদিস হচ্ছে ইসলামি আইন ও নৈতিকতার একেবারে বাস্তব উৎস।" অন্যদিকে "কুরআন মানুষকে নৈতিক মূল্যবোধ ও উন্নত নীতিবোধের সর্বোচ্চ স্তর সম্পর্কে শিক্ষা দেয়।" ব্যাখ্যা কর।
ক. নৈতিকতা কী? ১
খ. সূরা ফিলের অনুবাদ লেখ। ২
গ. "হাদিস হচ্ছে ইসলামী আইন ও নৈতিকতার একেবারে বাস্তব উৎস" এ উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৩
ঘ. "কুরআন মানুষকে নৈতিক মূল্যবোধ ও উন্নত নীতিবোধের সর্বোচ্চ স্তর সম্পর্কে শিক্ষা দেয়।" ব্যাখ্যা কর। ৪

Teachingbd.com

১০। সুরাইয়ার পিত্রালয়ে কাজ করতে এসে সালেহার সাথে সুরাইয়ার পরিচয় হয়। সালেহা অত্যন্ত দরিদ্র পরিবারের মেয়ে। বাবার মৃত্যুর পর কঠোর পরিশ্রম করে জীবিকা নির্বাহ করতে হতো। পাঁচ ওয়াক্ত নামাজ যথাযথ আদায় করত। সারারাত নফল ইবাদতে কাটাতে গিয়ে মাঝে মাঝে অসুস্থ হয়ে পড়লেও ইবাদতে কোনোরূপ বিরক্ত হতো না। সে কখনো পরমুখাপেক্ষী হতো না। আল্লাহর সন্তুষ্টি অর্জনই ছিল একমাত্র উদ্দেশ্য। সে জীবনে বিয়েও করে নি। পক্ষান্তরে, সুরাইয়া ছোটবেলা থেকে পড়াশুনায় ব্যস্ত থাকত। বিশেষ করে কুরআন ও হাদিস চর্চাই ছিল তার মূল কাজ। স্বামীগৃহে গিয়ে সংসার ও আত্মীয়স্বজনের অধিকার যথাযথ পালনসহ রাতের অধিকাংশ সময় ইবাদতে মগ্ন থাকত। সে ছিল সংস্কৃতিমনা, তবে পর্দার ক্ষেত্রে কোনো প্রকার আপস করত না।

ক. মহানবি (স.) কোথায় বিদায় হজের ভাষণ দিয়েছিলেন? ১

খ. 'সত্য মানুষকে মুক্তি দেয়' — বুঝিয়ে লেখ। ২

গ. সুরাইয়ার কর্মে কোন মনীষীর আদর্শ ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সালেহার জীবনে হযরত রাবেয়া বসরি (র)-এর আদর্শ ফুটে উঠেছে— উক্তিটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১। ধর্মীয় শিক্ষক শ্রেণিতে শিক্ষার্থীদের সম্মুখে এমন একজন ব্যক্তির আদর্শের কথা তুলে ধরেন, যিনি রাষ্ট্রে ন্যায়পরায়ণতা, ধর্মপরায়ণতা, সাম্য-মৈত্রী, ভ্রাতৃত্ব ও সকলের ন্যায্য অধিকার প্রতিষ্ঠা করেন। তিনি খোলাফায়ে রাশিদিন না হয়েও তাদের পদাঙ্ক অনুসরণ করেছেন।

ক. কাকে পঞ্চম খলিফা বলা হয়? ১

খ. 'ফাতহুম মুবিন' বলতে কী বোঝ? লেখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যক্তির কর্মকাণ্ড ও চিন্তাধারা কোন খলিফার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত ব্যক্তির জীবনীর আলোকে গণতান্ত্রিক সমাজ ব্যবস্থায় একজন শাসকের নীতি কেমন হওয়া উচিত বলে তুমি মনে কর? ৪

Teachingbd.com

# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : 1 1 1

সময়—৩০ মিনিট

বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. তাকদীরে বিশ্বাস করা—
ক) ফরজ  খ) সুন্নাত
গ) ওয়াজিব  ঘ) মুস্তাহাব

২. কাফিরদের চেয়ে বেশি ক্ষতিকর কারা?
ক) মুশরিকরা  খ) মুরতাদরা
গ) আহলে কিতাবগণ  ঘ) মুনাফিকরা

৩. কারা এ পৃথিবীতে আল্লাহর প্রতিনিধি?
ক) মানুষ ও জিন  খ) নবি-রাসুলগণ
গ) ফেরেশতাগণ  ঘ) মানুষ

৪. হানিফ সাহেবের তিন সদস্যবিশিষ্ট পরিবার। তিনি সেচ ছাড়াই এক মওসুমে ১৫০০ কেজি ধান উৎপাদন করেছেন। এটাই তার পরিবারের উৎপাদিত একমাত্র ফসল নয়। এখন তাকে কতটা উশর দিতে হবে?
ক) ১০০ কেজি  খ) ১৫০ কেজি
গ) ৩০০ কেজি  ঘ) দিতে হবে না

৫. উশর অর্থ কী?
ক) এক-দশমাংশ  খ) বিশ ভাগের এক ভাগ
গ) চল্লিশ ভাগের এক ভাগ  ঘ) নির্ধারিত পরিমাণ

৬. আবেদীন সাহেবের দুই কন্যা ও এক ছেলে। তিনি তাদের সবার জন্য আকীকা করতে চান। এখন একটি গরুতে তিনি কয়টি শেয়ার নিবেন?
ক) দুটি  খ) তিনটি
গ) চারটি  ঘ) পাঁচটি

৭. আকীকা করা কী?
ক) সুন্নাত  খ) মুস্তাহাব
গ) ওয়াজিব  ঘ) নফল

৮. 'তোমরা মুক্ত' এর অন্তর্নিহিত অর্থ হচ্ছে—
ক) ধর্ম পালনের স্বাধীনতা
খ) চলাফেরার স্বাধীনতা
গ) সংগঠন করার স্বাধীনতা
ঘ) তাদের অতীত ভুলের জন্য ক্ষমার ঘোষণা

৯. শিক্ষকদের মাসিক সম্মানী হিসেবে ওমর বিন আব্দুল আজিজ ধার্য করেছিলেন—
ক) মাত্র দুই দিরহাম  খ) ১০০ দিরহাম
গ) ১০০ দিনার  ঘ) ৫০ দিরহাম

১০. হযরত আয়িশা 'উম্মুল মুমিনীন' ছিলেন। এখানে 'উম্মুল' অর্থ কী?
ক) মাতা  খ) বোন
গ) পৃষ্ঠপোষক  ঘ) তত্ত্বাবধায়ক

১১. কে হযরত ঈসা (আ.)-এর মতো চেহারায় পরিবর্তিত হয়ে গিয়েছিলেন?
ক) পিলাত  খ) সামেরী
গ) আবরাহা  ঘ) তাইতালানুস

১২. সূরা যিলযাল কোন দিনের গুরুগাম্ভীর বর্ণনা হাজির করে?
i. কিয়ামত
ii. হাশর
iii. ধ্বংসলীলার দিন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii  গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১৩. 'কুরআন ও তাঁর চরিত্র সমার্থবোধক' এটি কার কথা—
ক) আবু বকর (রা.)  খ) রাবেয়া বসরী (রা.)
গ) উমার (রা.)  ঘ) আয়েশা (রা.)

১৪. রাহীমা প্রকৃত উপলব্ধিসহ প্রতিদিন প্রত্যেক ফরজ নামাজের পর আয়াতুল কুরসী পড়েন। জান্নাতে যাওয়ার পথে তার একমাত্র বাধা কী?
ক) ফেরেশতা  খ) শয়তান
গ) কুপ্রবৃত্তি  ঘ) মৃত্যু

১৫. خَوْفٌ শব্দের অর্থ কী?
ক) ভয়ভীতি  খ) মৃত্যু
গ) ক্ষুধা  ঘ) গ্রীষ্মকাল

১৬. নিচের কোনটি আখলাকে যামীমার বৈশিষ্ট্য?
ক) বন্ধুত্ব  খ) ভ্রাতৃত্ব  গ) সবর  ঘ) ঘৃণা

১৭. একটি ইসলামী সরকারের অধীনে অমুসলিমদের উপর আরোপিত করের ভূমিকর—
ক) খারাজ  খ) উশর  গ) গনীমত  ঘ) জিজিয়া

Teachingbd.com

১৮. সন্তান জন্মের সপ্তম দিনে কয়টি ওয়াজিব কাজ রয়েছে?
ক দুটি  খ চারটি
গ তিনটি  ঘ কাজ নেই

১৯. তাওয়াফ-ই-সদর হচ্ছে—
ক ফরজ  খ ওয়াজিব
গ নফল  ঘ সুন্নাত

২০. "তিনিই তাঁর ঘর রক্ষা করবেন" এটি কার আত্মবিশ্বাস ছিল?
ক নবি করীম (সা.)-এর  খ আবদুল্লাহর
গ আবদুল মুত্তালিবের  ঘ মদিনার লোকদের

২১. ذَرَّةٍ شَرًّا يَّرَهُ এখানে নূন সাকিন ও তানবীনের কোন নিয়ম প্রযোজ্য হবে?
i. ইদগাম
ii. ইযহার
iii. ইখফা
নিচের কোনটি সঠিক?
ক i  খ i ও ii  গ i ও iii  ঘ i, ii ও iii

২২. ذَرَّةٍ خَيْرًا يَّرَهُ এখানে নূন সাকিন ও তানবীনের কোন নিয়মটি প্রযোজ্য হবে?
i. ইদগাম
ii. ইযহার
iii. ইকলাব
নিচের কোনটি সঠিক?
ক i  খ ii ও iii  গ i ও iii  ঘ i, ii ও iii

২৩. আবদুস সবুর একজন সরকারি কর্মকর্তা। সমস্ত ব্যয় নির্বাহ শেষে বছরান্তে তার কাছে ৫ লাখ টাকা থাকল। কিন্তু সে তার বন্ধুর কাছে ১ লাখ ৩০ হাজার টাকা ঋণী আছে। এখন তাকে যাকাত হিসেবে কত টাকা দিতে হবে?
ক ৯২৫০ টাকা  খ ১৫৭৫০ টাকা
গ ১২৫০০ টাকা  ঘ যাকাত প্রযোজ্য নয়

২৪. নিসাব অর্থ কী?
ক সাড়ে সাত তোলা স্বর্ণ
খ ৫০ ভরি রুপা
গ ১ লক্ষ টাকা
ঘ নির্ধারিত পরিমাণ

২৫. জিলহজ্জের দশম দিন—
ক রামীর দিন  খ সায়ীর দিন
গ তাওয়াফে কুদুমের দিন  ঘ কুরবানীর দিন

■ উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :
কালাম গুণ্ডা প্রকৃতির এবং মাদকাসক্ত একজন ছেলে। সে স্কুল কলেজগামী মেয়েদের উত্ত্যক্ত করে। সে ছিনতাইয়ের সাথে জড়িত। তার পিতা সন্তানের এমন হীন কর্মকান্ডের জন্য খুবই লজ্জা পান।

২৬. ইসলামের নীতি অনুযায়ী কালামের কাজ—
i. কবীরা গুনাহ
ii. সগীরা গুনাহ
iii. হারাম
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

২৭. যাকাত না দেয়া কাদের কাজ?
ক কাফিরদের  খ মুশরিকদের
গ মুনাফিকদের  ঘ অমুসলিমদের

২৮. রাবেয়া বসরীর জীবন থেকে প্রধান শিক্ষা হচ্ছে—
ক ধার্মিকতা  খ কৌমার্য
গ বাস্তবজ্ঞান  ঘ হাদিসের পাণ্ডিত্য

২৯. আয়াতুল কুরসীতে কয়টি আয়াত আছে?
ক একটি  খ দুটি
গ তিনটি  ঘ চারটি

■ উদ্দীপকটি পড়ে ৩০ নং প্রশ্নের উত্তর দাও :
অর্ধবার্ষিক পরীক্ষায় হাসান প্রথম স্থান অধিকার করে। কিন্তু সে অন্যদের অবজ্ঞা ও ছোট করে। অন্যদিকে, সে খুব পরিশ্রমী ও উদ্ভাবনী শক্তিসম্পন্ন।

৩০. হাসানের মধ্যে কোন জিনিসটি পাওয়া গেল?
ক অশ্লীলতা  খ পরশ্রীকাতরতা
গ ঘৃণা  ঘ লোভ

## উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ক | ৬ | গ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | ক |
| ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | গ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | গ |

Teachingbd.com

http://teachingbd.com